Bangladesh

উপজেলা পরিষদ
গোয়াইনঘাট, সিলেট।
gowainghat.sylhet.gov.bd

গ্রাম শহরের উন্নতি

## ৫ম উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট এর ২৯ (উনত্রিশ) তম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোছা: আফিয়া বেগম, ভারপ্রাপ্ত চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট। |
| তারিখ | : ১২ আগস্ট ২০২১ খ্রি. |
| সময় | : বেলা ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন, গোয়াইনঘাট |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : পরিশিষ্ট- ক |
| সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : পরিশিষ্ট- খ |

সভাপতি সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন। সভার কার্যপত্র মোতাবেক এবং উপস্থিত সদস্যগণের আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পাঠ শেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন। | বিগত সভার কার্যবিবরণীতে কোনোরুপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান |
| ০৩ | কমিটির সুপারিশ সমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | স্থায়ী কমিটির কোনো সুপারিশ সভায় উপস্থাপন করা হয়নি। এ ব্যাপারে যথাসময়ে স্থায়ী কমিটির সভা আয়োজনপূর্বক সংশ্লিষ্ট কমিটির সুপারিশ (যদি থাকে) সভায় উপস্থাপনের জন্য ১৭ (সতেরো) টি স্থায়ী কমিটির সভাপতি উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে পুনরায় অনুরোধ করা হয় এবং ভাইস চেয়ারম্যানদ্বয় এ ব্যাপারে সভাকে ইতিবাচক আশ্বস্থ করেন। | স্থায়ী কমিটির সভাসমূহ বিধিমোতাবেক আয়োজন পূর্বক প্রয়োজনীয় সুপারিশ (যদি থাকে) সভায় উপস্থাপনের জন্য ভাইসচেয়ারম্যানদ্বয়কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিব |
| ০৪ | নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন | (ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান এর জুলাই/২০২১ খ্রি. মাসের ১০,৬২৫/- টাকার ভ্রমণ ব্যয়, ভাইস চেয়ারম্যানের ৬,৫০০/- টাকার ভ্রমণ ব্যয় এবং মহিলা ভাইস চেয়ারম্যান এর ৬,৫০০/- টাকার ভ্রমণ ব্যয় ও ভ্রমণ বিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) আনুষাঙ্গিক ব্যয় বাবদ- ৫,০০০/- টাকার বিল ভাউচার অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপস্থাপিত ভ্রমণ বিবরণী অনুসারে ভ্রমণ ব্যয় এবং অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ০৫ | বিবিধ | (ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। একইভাবে আরও ৩ (তিন) কিস্তিতে অর্থ বছরের সম্পুর্ন বরাদ্দ ছাড় করা হবে। উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে জানান, এডিপি অর্থ দ্বারা প্রকল্প গ্রহণে সকল বিধি-বিধান আবশ্যিকভাবে অনুসরণ করা হবে। চেয়ারম্যান, ৭নং নন্দিরগাঁও ইউপি সভায় বলেন, সালুটিকর-গোয়াইনঘাট রাস্তায় জনসাধারণের দুর্ভোগ দেখে ইউনিয়ন পরিষদ ও স্থানীয় নেতৃবৃন্দের উদ্যোগে নন্দিরগাঁও অংশের রাস্তার সংস্কার কাজ করা হয়েছে। উপজেলার বিভিন্ন রাস্তার ভজ্ঞুর অবস্থা ও যথাসময়ে মেরামত না করায় উপস্থিত চেয়ারম্যানগণ উষ্মা প্রকাশ করেন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী সভায় জানান, দ্রুতই রাস্তার মেরামত কাজ শুরু হবে। গুরুকচি-সিটিংবাড়ি রাস্তায় একটি ব্রীজ মারাত্মক ঝুঁকিপুর্ণ অবস্থায় রয়েছে মর্মে সভাকে জানান। বিগত দিনে এ ব্রিজে দুর্ঘটনায় | (ক-১) জনগুরুত্বপূর্ণ এলজিইডি রাস্তা দ্রুত মেরামতের আওতায় আনার জন্য নির্বাহী প্রকৌশলী এলজিইডি, সিলেট বরাবর প্রস্তাব প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ক-২) ২০২১-২২ অর্থ বছরের এডিপি অর্থ দ্বারা প্রকল্প গ্রহণের সকল বিধি-বিধান যথাযথ অনুসরণ পূর্বক সেপ্টেম্বর/২০২১ এর মধ্যে প্রকল্প গ্রহণ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী<br>উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বেশ কয়েকটি প্রাণী প্রাণ দিয়েছে। চেয়ারম্যান, ৩নং পূর্ব জাফলং সভায় বলেন, গোয়াইনঘাট-রাধানগর রাস্তার কাজ কবে শুরু হবে এ বিষয়ে সঠিক কোন তথ্য পাওয়া যাচ্ছে না। ১নং রুস্তমপুর ইউপি সভাকে জানান, বঙ্গাবীর-হাদারপাড় রাস্তার ২টি ব্রীজের সংস্কার কাজ বন্ধ থাকায় বর্তমানে যোগাযোগ ব্যবস্থা প্রায় বিচ্ছিন্ন হয়ে পড়েছে। | | |
| | | (খ) ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান সভায় বলেন, গোয়াইনঘাট উপজেলার একমাত্র বালিকা বিদ্যালয় হচ্ছে ইমরান আহমদ বালিকা বিদ্যালয়। এ বিদ্যালয়ের উন্নয়নে ভাইস চেয়ারম্যানদ্বয় ১) বঙ্গবন্ধু কর্ণার ও লাইব্রেরি নির্মাণ-৫,০০,০০০/- ও ২) ৩য় তলার ফ্লোর ও টয়লেটের টাইলসকরণ-৪,০০,০০০/- এই ২টি প্রকল্প উপজেলা পরিষদ হতে জরুরী ভিত্তিতে গ্রহণের প্রস্তাব করেন। | (খ) ইমরান আহমদ বালিকা বিদ্যালয়ের এ বিদ্যালয়ের উন্নয়নে ১) বঙ্গবন্ধু কর্ণার ও লাইব্রেরি নির্মাণ-৫,০০,০০০/- ও ২) ৩য় তলার ফ্লোর ও টয়লেটের টাইলসকরণ-৪,০০,০০০/- প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | (গ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান, ২০২১-২২ অর্থ উপজেলাধীন যেসকল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স সংস্কার করার প্রয়োজনীয়তা রয়েছে সেসকল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স সংস্কারের প্রস্তাবনা প্রেরণের নির্দেশনা পাওয়া গেছে। চেয়ারম্যান, ৪নং লেঙ্গুড়া সভায় জানান, ৪নং লেঙ্গুড়া ইউনিয়ন পরিষদের নতুন ভবন নির্মাণের প্রস্তাবনা প্রেরণ করা হলেও এখনো পর্যন্ত ভবন বরাদ্দ পাওয়া যায়নি। | (গ) ঝরাজীর্ণ ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স জরুরী মেরামতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ প্রস্তাব প্রেরণ করবেন এবং উপজেলা প্রকৌশলী এ বিষয়ে প্রাক্কলন প্রস্তুতসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| | | (ঘ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের প্রতিনিধি সভায় জানান, উপজেলা প্রশাসন, আইন-শৃঙ্খলা বাহিনী ও জনপ্রতিনিধিগনের আন্তরিক সহযোগিতায় ওয়ার্ড পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। ওয়ার্ড পর্যায়ে টিকা কার্যক্রমে ব্যাপক সাড়া পাওয়া গেছে। তিনি আরও জানান, বাংলাদেশে বর্তমানে পর্যাপ্ত টিকা রয়েছে। টিকা নিয়ে কোন আশংকা দেখা দেয়ার সুযোগ নেই। | (ঘ) টিকা প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নে ও এ বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে স্থানীয় জনপ্রতিনিধিগণ কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |
| | | (ঙ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, কোভিড-১৯ পরিস্থিতি ও বন্যা পরিস্থিতির কারণে ৩৩৩ এ জরুরী ত্রাণ সহায়তায় ব্যাপক সাড়া পাওয়া যাচ্ছে এবং তথ্য পাওয়া মাত্র মানবিক সহায়তা বাড়ি পৌঁছে দেয়া হচ্ছে। তিনি সভাকে জানান, বীর মুক্তিযোদ্ধাদের জন্য "বীর নিবাস" নির্মাণের লক্ষ্যে গোয়াইনঘাট উপজেলায় ১০জন বীর মুক্তিযোদ্ধার বরাদ্দ পাওয়া গেছে, যার কার্যক্রম শীঘ্রই শুরু করা হবে। | (ঙ) বীর মুক্তিযোদ্ধাদের জন্য "বীর নিবাস" নির্মাণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| | | (চ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট এর ব্যবহৃত জীপ গাড়ি সিলেট-ঘ-১১-০২৩৪ এর কিছু যন্ত্রাংশ ত্রুটিপূর্ণ হওয়ায় তাৎক্ষনিকভাবে মহিলা ভাইস চেয়ারম্যান কয়েকবার মেরামত/প্রতিস্থাপন করেন। উক্ত মেরামত ও প্রতিস্থাপন বাবদ ব্যয় হয়েছে ৫০,৩০০/- (পঞ্চাশ হাজার তিনশত টাকা)। উল্লেখ্য, এক অর্থ বছরে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ টাকা) পর্যন্ত ব্যয় করার বিধান রয়েছে। | (চ) উপজেলা পরিষদের জীপ গাড়ি মেরামত বাবদ ৫০,৩০০/- (পঞ্চাশ হাজার তিনশত) টাকার বিল সভায় সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | (ছ) উপজেলা বিআরডিবি বিভাগের প্রতিনিধি সভায় জানান, কোভিড-১৯ পরিস্থিতিতে বিআরডিবি হতে সমিতি/সংগঠনের বাইরে উদ্যোক্তাগণ ৪% সুদে ৫০,০০০/- হতে সর্বোচ্চ ৫,০০,০০০/- পর্যন্ত ঋণ নিতে পারবে। উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ) গত একনেক সভায় আগামী ৫ (পাঁচ) বছরের জন্য নবায়ন অনুমোদন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | (ছ) কোভিড-১৯ পরিস্থিতিতে বিআরডিবি'র আওতায় ঋণ প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| | | (জ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় ২০২০-২১ অর্থ বছরের | (জ-১) উপস্থাপিত সংশোধনী প্রস্তাব | উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এডিপি প্রকল্পের ১৭নং স্কিম "ভিতরগুল আব্দুল মান্নানের বাড়ির নিকট কালভার্ট নির্মাণ" এর পরিবর্তে "ভিতরগুল আব্দুল মান্নানের বাড়ির নিকট হতে ড্রেইন নির্মাণ" স্কিম গ্রহণের প্রস্তাব করেন। উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মাণের লক্ষ্যে সয়েল টেস্ট ও ট্রপোগ্রাফিক্স টেস্ট করত: সয়েল টেস্ট বাবদ ৭৬,৫০০/- (ছিয়াত্তর পাঁচশত) বিল পাওয়া গেছে। তিনি এ বিল পূর্বের ন্যায় উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রস্তাব করেন। উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে বলেন, উপজেলা নির্বাহী অফিসারের কক্ষের সামনে ও নতুন হলরুমের প্রধান দরজায় ১টি করে ২টি কলাপসেবল গেইট স্থাপন এবং উপজেলা প্রশাসনিক কনফারেন্স কক্ষ ও নতুন হলরুমে ব্যানার লাগানোর জন্য ১টি করে ২টি বোর্ডসহ কমপ্লেক্সের অন্যান্য জরুরী মেরামত করা প্রয়োজন। | সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের নিমিত্ত উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(জ-২) উপজেলা রাজস্ব তহবিল হতে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন নির্মাণের লক্ষ্যে সয়েল টেস্ট ও ট্রপোগ্রাফিক্স টেস্ট এর বিল বাবদ ৭৬,৫০০/- (ছিয়াত্তর পাঁচশত) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(জ-৩) উপজেলা প্রশাসনিক ভবনসহ অন্যান্য ভবনের জরুরী নিরাপত্তাজনিত কাজ ও অন্যান্য জরুরী মেরামত কাজের প্রাক্কলন প্রস্তুতসহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশলী<br><br>উপজেলা নির্বাহী অফিসার<br><br>উপজেলা প্রকৌশলী |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও নিয়মিত সভায় **যথাসময়ে** উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোছা: আফিয়া বেগম)
ভারপ্রাপ্ত চেয়ারম্যান
, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
গোয়াইনঘাট, সিলেট।
uzpgowainghat.sylhet@gmail.com

স্মারক নং : ০৫.৪৬.৯১৪১.০০০.৪৭.০১২.১৯. ৮৩৪ তারিখ : ১২-০৮-২০২১ খ্রি.।

০০-০১। মাননীয় সংসদ সদস্য, ২৩২- সিলেট- ৪ ও মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০০-০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০০-০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০০-০৪। জেলা প্রশাসক, সিলেট।
০০-০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০০-০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০০-০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০৮-২২। উপজেলা ...............................................কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), গোয়াইনঘাট, সিলেট।
০০-২৩। অফিসার ইনচার্জ, গোয়াইনঘাট থানা, সিলেট।
২৪-৩৪। চেয়ারম্যান/প্রশাসক.......................................... ইউ/পি (সকল), গোয়াইনঘাট, সিলেট।
৩৫-৪০। জনাব...............................................গোয়াইনঘাট, সিলেট।

(তহিমিলুর রহমান)
পরিচিতি নং ১৭৩৮২
উপজেলা নির্বাহী অফিসার
গোয়াইনঘাট, সিলেট।
ফোন- ০৮২২৮৫৬০০১।
unogowainghatsyl@gmail.com